দৈনিক সংবাদ

তারিখ 27 DEC 1990
পৃষ্ঠা ১ কলাম ৪

০৪

122

## জগন্নাথ কলেজে দুর্নীতি তদন্তের দাবীতে বিক্ষোভ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

সরকারী জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজের সকল অনিয়ম, দুর্নীতি ও অর্থ কেলেংকারির তদন্ত ও বিচার এবং কলেজের বিভিন্ন সমস্যা সমাধানের দাবীতে সর্বদলীয় ছাত্রঐক্য জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার নেতৃত্বে গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের সামনে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে ছাত্রনেতা মোজাম্মেল

(১১-এর পাতায় দেখুন)

## জগন্নাথ কলেজে দুর্নীতি

(১ম পাতার পর)

হক, হেদায়েতুল ইসলাম স্বপন, আবু সেলিম চৌধুরী, মোহাম্মদ আলী মানিক ও নাসিরউদ্দিন বক্তব্য রাখেন।

সমাবেশশেষে ছাত্র নেতৃবৃন্দ শিক্ষা উপদেষ্টা জিলুর রহমান সিদ্দিকীর কাছে স্মারকলিপি পেশ করেন।